

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ১৩, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২২ এপ্রিল ২০১৫

নং পৌর-২/৪৬.০৬৪.০৩২.৪৯.১৬.২৪৯.২০১১/৫১—যেহেতু আপনি জনাব মোঃ মাজিদুর
রহমান, কাটাখালী পৌরসভায় মেয়র পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন;

এবং যেহেতু, আপনার বিরুদ্ধে একাধিক মামলা চলমান থাকায়, চার্জশিটসমূহ গৃহীত হওয়ায়
এবং মতিহার থানায় দায়েরকৃত মামলায় সন্দিক্ষ হিসাবে গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন;

এবং যেহেতু আপনার বিরুদ্ধে অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

এবং যেহেতু, বিষয়টি পৌরসভার স্বার্থ পরিপন্থী/প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন নয় মর্মে
যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে;

এবং যেহেতু, অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা)
আইন, ২০০৯ এর ৩১(১) ধারা মোতাবেক পৌরসভার নিজ পদ হতে সাময়িকভাবে বরখাস্ত যোগ্য।

এবং যেহেতু, একুশ অভিযোগের কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা
৩১(১) বিধান মতে পৌরসভার মেয়র-কে নিজ পদ হতে সাময়িকভাবে বরখাস্তের বিধান রয়েছে;

এবং যেহেতু, সরকার জনাব মোঃ মাজিদুর রহমান, মেয়র, কাটাখালী পৌরসভা, রাজশাহী-কে
সাময়িকভাবে বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

(৩২৩৯)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) বিধান মোতাবেক
রাজশাহী জেলার কাটাখালী পৌরসভার মেয়র জনাব মোঃ মাজিদুর রহমান-কে কাটাখালী পৌরসভার
মেয়র পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী আসাদুজ্জামান
উপসচিব।